2 0 1 7

BENGALI

(Major)

Paper : 6.2

Full Marks : 60

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

(ক) "ফ্যাশানটা হল মুখোশ, স্টাইলটা হল মুখশ্রী।" বক্তা কে?

(খ) যোগমায়ার ছেলের নাম কী?

(গ) অমিত রায়ের পেশা কী ছিল?

(ঘ) 'অতিথি' গল্পের জমিদারের নাম কী?

(ঙ) কিরণময়ী নীলকান্তকে আদর করে কী নামে ডাকতেন?

(চ) হারাণ ডাক্তার চরিত্রটি কোন্ গল্পে আছে?

(ছ) 'রাজটিকা' গল্পে লাবণ্যলেখার স্বামীর নাম কী?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=

(ক) অমিতের দুই বোনের নাম লেখো।

(খ) 'ক্ষুধিত পাষাণ' গল্পের প্রাসাদটি কোথায় এবং কোন্ নদীর তীরে অবস্থিত?

(গ) "For God's sake, hold your tongue and let me love!"

'শেষের কবিতা' উপন্যাসের 'নূতন পরিচয়' পরিচ্ছেদে কে, কাকে এ কথাটি বলেছে?

(ঘ) বাঁকাগাড়ি পরগণাটি কে, কার জন্য ক্রয় করে দিয়েছিলেন?

৩। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো **তিনটি**) : ৫×৩=

(ক) "বাড়ির চালটা প্রায় ভারতবর্ষ বললেই হয়। অংশগুলোর মধ্যে সম্বন্ধটা আলগা।"

কার বাড়ির চাল? ভারতবর্ষের মতোই বা কেন?

(খ) অমিতের সঙ্গে লাবণ্যের পরিচয়-পর্ব বর্ণনা করো।

(গ) পূর্ণেন্দুশেখর কে? তাঁর আকাঙ্ক্ষার পরিণতি কী হয়েছিল?

(ঘ) "পাঁচটি আঙুল আছে ব'লে কি একটি আঙুল ত্যাগ করা যায়।" উক্তিটির প্রসঙ্গ নির্দেশ করো।

(ঙ) 'প্রতিহিংসা' গল্পের গৌরীকান্ত চরিত্রটি আলোচনা করো।

৪। (ক) 'শেষের কবিতা' উপন্যাসের অন্তর্গত 'ঘটকালি' *অথবা* 'আশঙ্কা' শীর্ষক পরিচ্ছেদের ঘটনাবলী বর্ণনা করো। ১০

অথবা

(খ) "কেতকীর সঙ্গে আমার সম্বন্ধ ভালোবাসারই; কিন্তু সে যেন ঘড়ায়-তোলা জল, প্রতিদিন তুলব, প্রতিদিন ব্যবহার করব। আর লাবণ্যর সঙ্গে আমার যে ভালোবাসা সে রইল দীঘি; সে ঘরে আনবার নয়, আমার মন তাতে সাঁতার দেবে।"

এই মন্তব্যের আলোকে অমিত চরিত্রটি আলোচনা করো।

৫। (ক) "তখন প্রতিজ্ঞা ভঙ্গ করিয়া গতভূষণা ইন্দ্রাণী আবার নয়নতারার অন্তঃপুরে নিমন্ত্রণে গমন করিল।"

আলোচ্য উক্তির আধারে 'প্রতিহিংসা' গল্পের ঘটনাপ্রবাহ বিবৃত করো। ১০

অথবা

(খ) 'আপদ' গল্পের নীলকান্ত চরিত্রটি বিশ্লেষণ করো।

৬। (ক) 'ক্ষুধিত পাষাণ' গল্পটির আশ্চর্য আকর্ষণী ক্ষমতার অন্তর্নিহিত কারণগুলি আলোচনা করো। ১০

অথবা

(খ) 'শেষের কবিতা' উপন্যাসের অপ্রধান চরিত্রগুলি থেকে যে কোনো দুটি চরিত্রের আলোচনা করো।

★★★